

## দুই বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিযুক্ত

নতুন ইউজিসি প্রফেসর মনোনয়ন

যুগান্তর রিপোর্ট

দুটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ দেয়া হয়েছে। অন্যদিকে 'ইউজিসি প্রফেসর' পদে মনোনয়ন দেয়া হয়েছে দুই শিক্ষাবিদকে। এছাড়া ইউজিসি প্রফেসর পদে কর্মরত আরও দুই শিক্ষাবিদের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।  
বুধবার সরকার দিনাজপুরের হাজী দরমশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হিসেবে নিয়োগ দিয়েছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) প্রাণরসায়ন বিভাগের অধ্যাপক আফজাল হোসেনকে। আর নির্মাণাধীন মশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নিয়োগ দিয়েছে বাকুবি রই ফার্ম পাওয়ার ও মেশিনারি বিভাগের অধ্যাপক আরআই সরকারকে। তিনি মুক্ত প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করবেন।

এছাড়া বুধবার ইউজিসি যে দুই শিক্ষাবিদকে 'ইউজিসি প্রফেসর' মনোনয়ন দেয় তারা হলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাবেক উপাচার্য ইতিহাসবিদ অধ্যাপক ড. আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীন ও কুয়েটের মাবেক উপাচার্য অধ্যাপক ড. নূরউদ্দীন আহমদ।

ইতিপূর্বে কর্মরত যে দুই শিক্ষাবিদের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে তারা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞানের অধ্যাপক ড. এএম হাবিবুর রশিদ এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ড. আজিজুল হক। এদের মেয়াদ ২ বছর বাড়ানো হয়েছে।